ফাতওয়া নাম্বার: ১৭৮ প্রকাশকালঃ২৫-০৬-২০২১ ইং

অন্যের মাধ্যমে যাকাত আদায় করলে কি যাকাত আদায় হবে?

প্রশ্নঃ

অন্যের মাধ্যমে যাকাত আদায় করলে কি যাকাত আদায় হবে? কেউ কেউ বলেন, 'যাকাতের উপযুক্ত ব্যক্তিকে সরাসরি দিতে হবে' কথাটি কি সঠিক?

প্রশ্নকারী- সাজ্জাদ

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله وحده، والصلاة والسلام على من لا نبي بعده، أما بعد:

যাকাত নিজ হাতে সরাসরি যাকাতের উপযুক্ত ব্যক্তিকে দিতে হবে, এমন ধারণা সঠিক নয়। যাকাত নিজ হাতেও আদায় করা যায়, অন্যের মাধ্যমেও আদায় করা যায়। আপনি যদি নির্ভরযোগ্য কোনো ব্যক্তিকে যাকাত আদায় করে দেয়ার জন্য উকিল বানান, আর তিনি উপযুক্ত খাতে যাকাতের অর্থ পৌঁছে দেন, তাহলেও যাকাত আদায় হয়ে যাবে। - দেখুন আলবাহরুর রায়িক ২/২২৬, ফাতাওয়া হিন্দিয়া ৫/১৬, রদ্দুল মুহতার ২/২৬৯

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১২-১১-১৪৪২ হি.

২৩-০৬-২০২১ ইং